দামুড়হুদায় অবৈধ ভাবে মাটি কাটার অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে মোবাইল কোর্টে অবৈধ ভাবে কৃষি জমির মাটি উত্তোলন করায় উপজেলার চিৎলা গ্রামের জয়নাল আবেদীনের ছেলে চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামের ৫০ হাজার টাকা জরিমানা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এ ঘটনায় এলাকাবাসী সাধুবাদ জানান।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল ১১ টার দিকে মোবাইল কোর্টের মাধ্যমে এ জরিমানা করা হয়।

দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামে কৃষি জমি থেকে অনুমোদন বিহীনভাবে বাণিজ্যিক উদ্দেশ্যে মাটি উত্তোলন করায় বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ৪ ধারা অনুযায়ী চিৎলা গ্রামের চিহ্নিত ভূমিদস্যু আকিরুল ইসলামকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান। এসময় মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা পুলিশ।

অভিযান শেষে উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।